


অফিস আদেশ

ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদরাসা, ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, উপজেলা: নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা (MADINATUL ULUM MODEL INSTITUTE ALIM MADRASAH, EIIN-103132, CODE-19754) এর অধ্যক্ষের ০৬.০৮.২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি সংক্রান্ত ক. ৫ (৫.৩) ধারা অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে ক. ৫ (৫.৪) ধারা মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদরাসায় ১৮.১০.২০২৩ খ্রি. থেকে ১৭.১০.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

শর্তসমূহ

- ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তরের কার্যক্রম চালু হবে।
- লাইব্রেরিতে মূল কিতাব এবং রেফারেন্স গ্রন্থের সংখ্যা বৃদ্ধি করত: শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- “হৃদয়ে বঙ্গবন্ধু” কে বঙ্গবন্ধু এবং মুক্তিযুদ্ধ বিষয়ক আরো বই দিয়ে সমৃদ্ধ করতে হবে।
- শ্রেণিকক্ষগুলোতে পর্যাপ্ত বেঞ্চ এবং প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে পাঠদানের মনোরম পরিবেশ নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীদের জন্য নির্মাণাধীন শৌচাগারগুলোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
- শিক্ষকদের বিষয়ভিত্তিক যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- অর্থ ও প্রশাসনিক সকল কার্যক্রম ফাইলনোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ফাজিল শ্রেণিতে পাঠদানের জন্য কমপক্ষে ০২ (দুই) জন অভিজ্ঞ শিক্ষক (অতিরিক্ত) নিয়োগ দিতে হবে।
- প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাহেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ


মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদরাসা

ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, উপজেলা: নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০২৩/ ২৩২৬৫

তারিখ: ০২ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দঅবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদরাসা, ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, উপজেলা: নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
৭. অফিস নথি।



(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮